# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
প্রকিউরমেন্ট এবং কর্মী কল্যাণ ও পরিবহণ বিভাগ

গণমানুষের ব্যাংক
ফোন ঃ ০২২২৩৩৮৩৫৩৫
ই-মেইলঃ
dgmcsd@krishibank.org.bd,
dgmewt@krishibank.org.bd

প্রকা/প্রকিউর-১০(৫)/অংশ-০৪(খ)/২০২২-২০২৩/ ৫৬৭

তারিখ ঃ ০১-১১-২০২২ ইং

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্টাফ কলেজ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপমহাব্যবস্থাপক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়/কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক

***বিষয় ঃ বেসরকারী নিরাপত্তা প্রহরীদের একই কর্মস্থলে ০৩ (তিন) বছরের অধিক না রাখা এবং ড্রেস পরিধান করে ডিউটি করা প্রসঙ্গে।***

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে অত্র বিভাগের পত্র নং- প্রকা/প্রকিউর-১০(৫)/অংশ-০৪(ক)/২০২২-২০২৩/৫৯৬(১২০০), তারিখঃ ০৮-১২-২০১৯ এবং ২৮-০৯-২০২২ ইং তারিখের পত্র নং- প্রকা/প্রকিউর-১০(৫)/অংশ-০৪(খ)/২০২২-২০২৩/৩৮৪ ও ৩৮৫ (কপি সংযুক্ত) এর প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক নিম্নেবর্ণিত বিষয়গুলো যথাযথ পরিপালনের জন্য পুনরায় নির্দেশনা প্রদান করা হলো ঃ

ক) যেসকল নিরাপত্তা প্রহরী একই শাখা/কার্যালয়ে ০৩ (তিন) বছর বা তার অধিককাল যাবৎ নিয়োজিত আছে মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণকে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোর সাথে আলোচনাপূর্বক তাদের মাধ্যমে সে সকল নিরাপত্তা প্রহরীদেরকে অঞ্চলের মধ্যে আন্তঃসমন্বয়/বদলী করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের পরামর্শ প্রদান করা এবং শাখায় নিয়োজিত বেসরকারী প্রহরীগণকে রাতের বেলা শাখায় অবস্থান নিশ্চিত করার কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য পরামর্শ প্রদান করা হলো।

খ) মাঠ পর্যায়ে কোম্পানীর সুপারভাইজারদের মাধ্যমে নিরাপত্তা প্রহরীদের তদারকি, শাখা/কার্যালয়ে দায়িত্ব পালনের সময় অবশ্যই কোম্পানী কর্তৃক সরবরাহকৃত ড্রেস পরিধান করে ডিউটি করাসহ ছুটির দিনগুলোতে এবং অফিস সময়ের পরে নিরাপত্তা প্রহরী ব্যতীত অন্য কোন গ্রাহক/ব্যক্তি যেন ব্যাংকের শাখা/কার্যালয়ে প্রবেশ করতে না পারে তা নিশ্চিত করতে হবে।

০২। বিষয়টি অতীব জরুরী ও গুরুত্বপূর্ণ।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

১/১১/২০২২

(মোঃ আব্দুস সামাদ)
উপমহাব্যবস্থাপক
তারিখঃ ০১/১১/২০২২ ইং

পত্র নং- প্রকা/প্রকিউর-১০(৫)/অংশ-০৪(খ)/২০২২-২০২৩/ ৫৬৭ (১২৫০)

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

০১। স্টাফ অফিসার, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন) মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০৫। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার ব্যবস্থা গ্রহনের জন্য জন্য অনুরোধ করা হলো।
০৬। ব্যবস্থাপনা পরিচালক/সিইও, বেস্ট সিকিউরিটি/পিমা/জেএসএস, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। অফিস কপি।

01/11/2022

(মোহাম্মদ জসিম উদ্দিন)
সহকারী মহাব্যবস্থাপক

বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বানিজ্যিক এলাকা,ঢাকা

অফিস ফোন ঃ ৯৫৫৩৫৩৫
e-mail:dgmcsd@krishibank.org.bd

প্রকিউরমেন্ট এবং কর্মী কল্যাণ ও পরিবহণ বিভাগ

প্রকা/প্রকিউর ১০(৫)/অংশ-০৪(ক)/২০১৯-২০২০/৫৯৬ (১২৩)

তারিখঃ ০৮.১২.২০১৯

০১। মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয় সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
০২। উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
০৩। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
০৪। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণের মাধ্যমে)।

বিষয়: বেসরকারী নিরাপত্তা প্রহরীদের একই কর্মস্থলে ৩(তিন) বছরের অধিক না রাখা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে অত্র বিভাগের ০৮.১১.২০১৬ তারিখের প্রকা/প্রকিউর-১০(৫)/অংশ-৩/২০১৬২০১৭/৩১৪ নং পত্র; শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগের ১৬.০৭.২০১৯ তারিখের প্রকা/শানিব্যউবি-১(৩৩)/২০১৯-২০২০/১০৭ নং পত্র এবং ভিজিলেন্স স্কোয়াড বিভাগের ১২.০৯.২০১৯ তারিখের প্রকা/ভিএসডি/৮(০২)অংশ-১৮/২০১৯-২০২০/১১৮(১২০০) নং পত্র সমুহের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। সাম্প্রতিক কালে লক্ষ্য করা যাচ্ছে যে, বাংলাদেশ কৃষি ব্যাংকের কার্যালয়/শাখার নিরাপত্তা নিশ্চিত করার জন্য আউটসোর্সিং এর মাধ্যমে বেসরকারী নিরাপত্তা প্রহরী নিয়োজিত করার জন্য সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের সাথে সম্পাদিত চুক্তিপত্রের শর্ত মোতাবেক বেসরকারী নিরাপত্তা প্রহরীদের ব্যাংকের সম্পদসমূহ পাহারা দেয়ার কথা থাকলেও তারা যথাযথভাবে দায়িত্ব পালন করছে না। এছাড়া নিয়োজিত প্রহরীগণ ব্যাংক কার্যালয়/শাখাসমূহে প্রতি জনে দৈনিক ৮(আট) ঘন্টা করে ৩(তিন) জনে দিবারাত্র ২৪ ঘন্টা নিরাপত্তার দায়িত্ব পালন করার নির্দেশনা থাকলেও প্রহরীগণ রাতের বেলা শাখায় অবস্থান করেনা। উপরন্তু ব্যাংক তালা বন্ধ করে অরক্ষিত রেখে অনুপস্থিত থাকার কারনে/অন্যত্র থাকার সুযোগে চোর/চোরেরা শাখার অভ্যন্তরে প্রবেশ করছে, চুরি সংঘটিত হচ্ছে এবং ব্যাংকের নগদ তহবিল চুরি/খোয়া যাচ্ছে, ফলে ব্যাংক আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হচ্ছে এবং ব্যাংকের সুনাম ক্ষুন্ন হচ্ছে।

০৩। শাখায় চুরি-ডাকাতি, জাল-জালিয়াতি ও আত্মসাতের ঘটনা রোধকল্পে উপরে বর্ণিত পত্রসমূহের নির্দেশনা যথাযথভাবে পরিপালনের জন্য পুনরায় অনুরোধ করা হলো।

০৪। যে সকল বেসরকারী নিরাপত্তা প্রহরী একই শাখা/কার্যালয়ে ৩(তিন) বছর বা তার অধিককাল যাবৎ নিয়োজিত আছে মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণকে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোর সাথে আলোচনাপূর্বক তাদের মাধ্যমে সেকল নিরাপত্তা প্রহরীদেরকে অঞ্চলের মধ্যে আন্তঃসমন্বয়/বদলী করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের জন্য পরামর্শ প্রদান করা এবং শাখায় নিয়োজিত বেসরকারী প্রহরীগণকে রাতের বেলা শাখায় অবস্থান নিশ্চিত করার কার্যকর ব্যবস্থা গ্রহনের জন্য পরামর্শ প্রদান করা হলো।

০৫। উল্লেখিত নির্দেশনা/বিধি নিষেধ না মেনে কার্যালয় প্রধান/শাখা কর্তৃক যদি বেসরকারি নিরাপত্তা প্রহরী দ্বারা নির্ধারিত কাজের বাহিরে অন্য কোন কাজ করানো হয় যার ফলে ব্যাংক ক্ষতিগ্রস্থ হয় বা ব্যাংকের নিরাপত্তা বিঘ্নিতসহ তাদের দ্বারা কোন জাল জালিয়াতি, দায়িত্বে অবহেলার কারণে চুরি/ব্যাংকের আর্থিক ক্ষতি হয় সে জন্য কার্যালয় প্রধান/শাখা ব্যবস্থাপক, ২য় কর্মকর্তাসহ কর্মবন্টন অনুযায়ী দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীকে সমভাবে দায়ী করাসহ প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে। উপরোল্লিখিত দিক নির্দেশনাসমূহ পুংখানুপুংখ ভাবে পরিপালন করার জন্য পুনরায় নির্দেশ প্রদান করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

০৮/১২/২০১৯

(মোঃ মমিনুল ইসলাম তালুকদার)
উপ-মহাব্যবস্থাপক

সদয় অবগতির্থে অনুলিপিঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১,২ ও ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি বিভাগীয় কার্যালয়।
০৫। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৭। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। নথি/মহানথি।

# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
প্রকিউরমেন্ট এবং কর্মী কল্যাণ ও পরিবহণ বিভাগ

ফোন ঃ ০২২২৩৩৮৩৫৩৫
ই-মেইলঃ
dgmcsd@krishibank.org.bd,
dgmewt@krishibank.org.bd


প্রকা/প্রকিউর-১০(৫)/অংশ-০৪(খ)/২০২২-২০২৩/৬৮৪ তারিখ ঃ ২৮-০৯-২০২২ ইং

ব্যবস্থাপনা পরিচালক/সিইও
বেস্ট সিকিউরিটি/পিমা/জেএসএস
বাংলাদেশ কৃষি ব্যাংক।

***বিষয় ঃ শাখার নিরাপত্তা জোরদারকরণ প্রসঙ্গে।***

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বিশেষায়িত ব্যাংক-১ শাখা এর পত্র নং- ৫৩.০০.০০০০.৩২১.৯৯.০০১.২০-১১৮ তারিখঃ ৩০ আগস্ট ২০২২ অনুযায়ী জাতীয় গোয়েন্দা সংস্থা এবং বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগের পত্র নং- প্রকা/শানিব্যউবি-১(২৭)/অংশ-০৪/২০২২-২০২৩/৩০৭ তারিখঃ ২১ সেপ্টেম্বর ২০২২ ইং এর আলোকে শাখা সমূহের নিরাপত্তা জোরদার করার জন্য নিম্নরূপ সুপারিশ করা হয়েছে ঃ

> ''ব্যাংক এবং সাধারণের আমানত রক্ষায় ব্যাংকের নিরাপত্তা ব্যবস্থা জোরদারপূর্বক নৈশ প্রহরীদের কার্যক্রম মনিটরিং করা এবং প্রয়োজনে এ দায়িত্বে শাখাটি যে উপজেলায় অবস্থিত সে উপজেলার বাসিন্দাদের নিয়োগ প্রদান থেকে বিরত থাকার সুপারিশ করা যেতে পারে''।

০২। উল্লেখিত সুপারিশের আলোকে নৈশ প্রহরীদের কার্যক্রম মনিটরিং এর পাশাপাশি প্রয়োজনে এ দায়িত্বে শাখাটি যে উপজেলায় অবস্থিত সে উপজেলার বাসিন্দাদের নিয়োগ প্রদান থেকে বিরত থাকাসহ বর্তমান কর্মস্থলে যাদের ০৩ (তিন) বছরের অধিক কর্মকাল রয়েছে তাদেরকে নিজ উপজেলার বাইরে বদলী/সমন্বয়ের ব্যবস্থা করতে হবে।

০৩। এমতাবস্থায় শাখা/কার্যালয়ের সার্বিক নিরাপত্তা ব্যবস্থা জোরদারের জন্য মাঠ পর্যায়ে কোম্পানীর সুপারভাইজারদের মাধ্যমে নিরাপত্তা প্রহরীদের তদারকি, শাখা/কার্যালয়ে দায়িত্ব পালনের সময় অবশ্যই কোম্পানী কর্তৃক সরবরাহকৃত ড্রেস পরিধান করে ডিউটি করাসহ ছুটির দিনগুলোতে এবং অফিস সময়ের পরে নিরাপত্তা প্রহরী ব্যতীত অন্য কোন গ্রাহক/ব্যক্তি যেন ব্যাংকের শাখা/কার্যালয়ে প্রবেশ করতে না পারে তা নিশ্চিত করতে হবে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

28/09/2022

(মোঃ আব্দুস সামাদ)
উপমহাব্যবস্থাপক
তারিখঃ ২৮/০৯/২০২২ ইং

পত্র নং- প্রকা/প্রকিউর-১০(৫)/অংশ-০৪(খ)/২০২২-২০২৩/ ৬৮৪ (১২৫০)

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন) মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, সকল বিভাগীয় কার্যালয়/স্টাফ কলেজ।
০৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়।
০৬। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়।
০৭। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়।
০৮। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক এর মাধ্যমে)।
০৯। অফিস কপি।

28/09/2022

(মোহাম্মদ জসিম উদ্দিন)
সহকারী মহাব্যবস্থাপক

# বাংলাদেশ কৃষি ব্যাংক

গণমানুষের ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

প্রকিউরমেন্ট এবং কর্মী কল্যাণ ও পরিবহন বিভাগ

ফোন ঃ ০২২২৩৩৮৩৫৩৫
ই-মেইলঃ
dgmcsd@krishibank.org.bd,
dgmewt@krishibank.org.bd


প্রকা/প্রকিউর-১০(৫)/অংশ-০৪(খ)/২০২২-২০২৩/ ৬৮৫ তারিখ ঃ ২৮-০৯-২০২২ ইং

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্টাফ কলেজ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপমহাব্যবস্থাপক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়/কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক

***বিষয় ঃ ব্যাংকের গ্রীল কেটে ভল্ট ভাঙার চেষ্টায় বাংলাদেশ কৃষি ব্যাংক, লালমোহন শাখা, ভোলা এর উপর বিশেষ পরিদর্শন প্রতিবেদন প্রসঙ্গে।***

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা এর ব্যাংক পরিদর্শন বিভাগ-২ (পরিদর্শন শাখা-১) এর পত্র নং- ডিবিআই-২ (পরিঃশাঃ-১)৩৮/২০২২-১৮৬৯ তারিখঃ ২০-০৯-২০২২ইং এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো (কপি সংযুক্ত) ঃ

০২। উক্ত বিশেষ পরিদর্শন প্রতিবেদনের নির্দেশনা মোতাবেক নিম্নবর্ণিত পদক্ষেপ গ্রহণপূর্বক শাখার নিরাপত্তা ব্যবস্থা জোরদারের জন্য বিশেষ নির্দেশনা প্রদান করা হলো ঃ

(ক) বাংলাদেশ কৃষি ব্যাংক, লালমোহন শাখা, ভোলাসহ সকল শাখায় নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত প্রহরীদের দিয়ে শাখার কর্মকর্তাদের ফরমায়েশী কাজ করানো এবং শাখার ম্যাসেঞ্জারের কাজ করানো বন্ধ করতে হবে।

(খ) সকল শাখায় ব্যবহৃত গেটসমূহে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করতে হবে। অফিস সময়ের পর শাখায় প্রবেশের গেটসমূহ বন্ধ রাখতে হবে।

(গ) বিআরপিডি সার্কুলার নং-৭, তারিখ: ০৫-০৭-২০১৫ এর ৯ নং নির্দেশনা অনুযায়ী সরকারি ও সাপ্তাহিক ছুটির দিনে এবং ব্যাংকের দৈনন্দিন কার্যক্রম শেষ হবার পর রাত্রিকালীন সময়ে আকস্মিক ভিত্তিতে সুনির্দিষ্ট কর্মকর্তা কর্তৃক ব্যাংক শাখা পরিদর্শন করার নির্দেশনা যথাযথভাবে পালন করে তার রেকর্ড রাখতে হবে এবং বিষয়টি মনিটরিং এর জন্য ব্যাংকের আঞ্চলিক ও বিভাগীয় কার্যালয়ের ভূমিকা আরো জোরদার করতে হবে।

(ঘ) সকল শাখায় নিরাপত্তা প্রহরীদের বাধ্যতামূলকভাবে নির্ধারিত পোষাক পরিধানপূর্বক সার্বক্ষনিক শাখায় অবস্থান করে নিরাপত্তার দায়িত্ব যথাযথভাবে পালন নিশ্চিত করতে হবে। ছুটির দিনগুলোতে এবং অফিস সময়ের পরে নিরাপত্তা প্রহরী ব্যতীত অন্য কোন গ্রাহক/ব্যক্তি ব্যাংকের শাখায় প্রবেশ ও অবস্থান করতে না পারে তা নিশ্চিত করতে হবে।

(ঙ) শাখা ব্যবস্থাপক ও ২য় কর্মকর্তা রোস্টার ডিউটি খাতা নিয়মিত মনিটরিং করবেন এবং শাখার সার্বিক নিরাপত্তার বিষয়টি তদারকির মাধ্যমে নিশ্চিত করবেন।

০৩। এমতাবস্থায়, উপরোক্ত নির্দেশনাসমূহ বাস্তবায়নের পাশাপাশি ভোলার লালমোহন শাখার ঘটনার পুনরাবৃত্তি যেন না ঘটে সেদিকে সকলকে বিশেষ দৃষ্টি রাখার জন্য নির্দেশ প্রদান করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

(মোঃ জয়নাল আবেদীন)
মহাব্যবস্থাপক (প্রশাসন)
তারিখঃ ২৮/০৯/২০২২ ইং

পত্র নং- প্রকা/প্রকিউর-১০(৫)/অংশ-০৪(খ)/২০২২-২০২৩/ ৬৮৫ (১২৫০)

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন) মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০৪। জনাব মোঃ মাসুদ আলম, অতিরিক্ত পরিচালক, ব্যাংক ও পরিদর্শন বিভাগ-২ (পরিদর্শন শাখা-১), বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।
০৫। ব্যবস্থাপনা পরিচালক/সিইও, বেস্ট সিকিউরিটি/পিমা/জেএসএস, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬। অফিস কপি।

২৮/০৯/২০২২

(মোঃ আব্দুস সামাদ)
উপমহাব্যবস্থাপক